



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০১৪.৩২.১৮৩.১৯. ২৭

তারিখ: ২৪ কার্তিক ১৪৩১  
১৩ নভেম্বর ২০২৪

## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০৯/২০২৪ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৫৬.৪৭.০০১.২২(খন্ড-৩).১১৭ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন হারবাং ডাকঘরের অন্তর্গত হারবাং গয়ালমারা দাখিল মাদ্রাসায় দাখিল স্তরে প্রাথমিক পাঠদান অনুমতি নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০২৪ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য দেয়া হলো।

### পালনীয় শর্তাবলী :

- জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী সকল স্তরে শিক্ষক নিয়োগ করতে হবে/নিয়োগ থাকতে হবে।
- স্বীকৃতি পাওয়ার জন্য মাদ্রাসাকে প্রাথমিক অনুমতির মেয়াদকালে নীতিমালা অনুযায়ী মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ করাতে হবে এবং পাসের হার নীতিমালা মোতাবেক হতে হবে।
- দাখিল পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা এবং পাশের নীতিমালা অনুযায়ী হতে হবে। অন্যথায় প্রাথমিক (পাঠদান) অনুমতি বাতিল বলে গণ্য হবে।
- শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ০৩(তিন) বছর মেয়াদী প্রথমিক অনুমতির সময়সীমা শেষ হলে মাদ্রাসাটি সরেজমিনে পরিদর্শন করে সমাপনী পরীক্ষা ও পাবলিক পরীক্ষার ফলাফল, মাদ্রাসায় ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণিকক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা (শিক্ষা সমাপনী চক্রের হার) প্রভৃতি সন্তোষজনক বিবেচিত হলে মাদ্রাসাটিকে স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা হবে।
- অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির পরে যে কোন পর্যায়ে প্রযোজ্য শর্তের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি/স্বীকৃতি হ্রাসিত অথবা প্রত্যাহার করা হবে।
- মাদ্রাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষরোপণ, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
- পাঠাগারে অন্যান্য ২,০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
মোহাম্মদ নাছিমুল ইসলাম

মাদ্রাসা পরিদর্শক

ফোন: ০২-৫৮৬১০২০০

ই-মেইল: inspector@bmeb.gov.bd

সুপার

হারবাং গয়ালমারা দাখিল মাদ্রাসা


ডাকঘর: হারবাং, উপজেলা: চকরিয়া, জেলা: কক্সবাজার।

নং-৫৭.১৬.০০০০.০১৪.৩২.১৮৩.১৯. ২৭

তারিখ: ২৪ কার্তিক ১৪৩১  
১৩ নভেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা;
- রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মাদ্রাসার কোড ও পাসওয়ার্ড প্রদানের অনুরোধসহ);
- প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা- ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
- জেলা প্রশাসক, কক্সবাজার;
- উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার;
- জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
- অফিস কপি।

  
মোঃ আকরাম হোসেন

উপ পরিদর্শক-১

ফোন: ০২-২২৩৩৬৭০১৬

ই-মেইল: dyinspector1@bmeb.gov.bd

  
০৬/১১/২৪